

পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদের অধীন পুকুরসমূহ নীলাম

বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদের পরিচালনাধীন সংলগ্ন তালিকায় বর্ণিত পুকুরগুলি উহাদের পাখ্বের্পিত তারিখ ও সময়ে পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ অফিসে উপসচিব মহাশয় বা অন্যান্য আধিকারিক কর্তৃক বাং ১৪২৮ সালের ১লা বৈশাখ হইতে ১৪৩০ সালের ৩০শে চৈত্র পর্যন্ত মোট ৩ বৎসরের জন্য ইজারা বিলির প্রকাশ্য নীলাম করা হইবে। যাঁহারা উক্ত পুকুর ইজারা লইতে ইচ্ছুক তাহারা উক্ত দিনে উল্লিখিত সময়ে পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ অফিসে উপস্থিত হইয়া নিজ নিজ নামে ডাক দিবেন।

যে সমস্ত নিয়মে নীলাম ডাক হইবে, তাহা সংক্ষেপে নিম্নে বর্ণিত হইল -

১. পুকুরগুলি বাংলা ১৪২৮ সালের ১লা বৈশাখ হইতে ১৪৩০ সালের ৩০শে চৈত্র পর্যন্ত মোট ৩ বৎসরের জন্য ইজারা বন্দোবস্ত দেওয়া হইবে। পুকুরের জন্য যে সবোর্জ ডাক হইবে তাহা সেই পুকুরের বাংসরিক খাজনা হিসাবে ধার্য হইবে এবং ডাকের শেষে এককালীন তিনি বৎসরের টাকা জমা দিতে ডাককারী বাধ্য থাকবেন।
২. প্রয়োজনবোধে কোন পুকুর নীলাম ডাক হইতে বাদ দিতে পারা যাইবে বা কোনৰূপ কারণ না দর্শাইয়া যেকোন ডাক গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষের থাকিবে।
৩. যে সকল ডাককারী পুকুর ডাক করিয়া পরে পুকুর লইতে অঙ্গীকার করিবেন বা পুরোটাকা জমা দিতে না পারিবেন, তাহাদের জামানত অগ্রিম টাকা বাজেয়াগু করা হইবে এবং তাঁহারা তাঁহাদের ডাকের পরিমাণ টাকা ১ বৎসরের খাজনার টাকার দায়ী হইবেন। প্রতারনার জন্য দণ্ডবিধি আইনানুসারে দণ্ডনীয় হইবেন এবং পুনরায় নীলাম হইলে তাহাতে জিলা পরিষদের যে ক্ষতি হইবে তারজন্য তাঁহারা দায়ী হইবেন।
৪. যাহারা ইজারাদার নিয়ন্ত্র হইবেন তাঁহারা পরিষদের নির্দিষ্ট চুক্তিনামা সম্পাদন করিয়া দিবেন। অন্যথায় পুকুরের দখলি পরোয়ানা দেওয়া যাইবেনা এবং যিনি পরোয়ানা না লইয়া পুকুর দখল করিবেন তিনি অনধিকার প্রবেশের জন্য দণ্ডনীয় হইবেন।
৫. পুকুরের নীলাম ডাক পরিষদের কর্তৃপক্ষের অনুমোদনের পর দখল দেওয়া হইবে। যদি কোন পুকুরের নীলাম ডাক কর্তৃপক্ষের অনুমোদন না পায় তাহা হইলে পুনরায় সেই নীলাম ডাক হইবে ও নীলাম ডাকের আইন মোতাবেক কার্যকর হইবে।
৬. পূর্বতন ইজারাদার এর টাকা বাকী থাকিলে ঐ পুকুরের ডাকের পূর্বদিনে বকেয়া টাকা পরিষদ অফিসে জমা না দিলে তিনি ডাকে অংশ গ্রহণ করতে পারবেন না।
৭. ডাকে সকল অংশগ্রহণকারীকে ডাকের পূর্বে তালিকায় উল্লিখিত জমানত জমা রাখিতে হইবে।
৮. যদি সবোর্জ প্রথম ডাককারী সমূহ টাকা প্রদান করতে না পারেন তাহলে ২য় ও ৩য় ডাককারীকে সুযোগ দেওয়ার জন্য তাঁদের জামানতের টাকা রাখা হবে।
৯. যিনি ডাকে অংশ গ্রহণ করবেন তিনি নিজের পরিচয়ের জন্য যেকোন একটি পরিচয় পত্র সঙ্গে রাখবেন।

উপসচিব
পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ

পত্র নং - ৪৭২(৩২)/বণগুদ্ধি

তারিখ - ২৬/০৮/২০২১

প্রতিলিপি অবগতি ও বিহিতের জন্য প্রেরণ করা হল -

১. সভাধিপতি, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।
২. জেলা শাসক, পশ্চিম মেদিনীপুর।
৩. অতিরিক্ত জেলা শাসক ও অতিরিক্ত নির্বাহী আধিকারিক, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।
৪. জেলা বাস্তুকার, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।
৫. মহকুমা শাসক, ঘাটাল / খড়াপুর।
৬. সহ বাস্তুকার, পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ ঘাটাল / খড়াপুর মহকুমা।
৭. কর্মাধ্যক্ষ (সকল), পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।
৮. আর্থিক নিয়ামক ও মুখ্য গণন আধিকারিক, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।
৯. সভাপতি / নির্বাহী আধিকারিক, দাসপুর- ১ / পিংলা / নারায়নগড় / চন্দ্রকোণা- ১ পঞ্চায়েত সমিতি মহাশয়গণের এবং সংশ্লিষ্ট পঞ্চায়েত প্রধানদের অবগতি ও বহুল প্রচারের নিমিত্ত তথা তাঁর নোটোশবোর্ডে দেওয়ার জন্য প্রেরিত হল।
১০. জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক, পশ্চিম মেদিনীপুর।
১১. ভারপ্রাণ আধিকারিক, কোতয়ালী থানা মেদিনীপুর। উক্ত দিনগুলিতে পুলিশ ষাফ মোতায়েন করার জন্য অনুরোধ করা হল।
১২. DIA, পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ। আপনাকে পুকুরের নীলামের নোটোশ জেলা পরিষদের ওয়েবসাইটে upload করা এবং সংশ্লিষ্ট পঞ্চায়েত সমিতিতে e-mail করার জন্য অনুরোধ জানাই।
১৩. গাননিক, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।
১৪. কোষাধ্যক্ষ, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।

নীলামের স্থানঃ অফিস কক্ষ, উপসচিব, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।

সময়ঃ সকাল ১১টা

পুকুরের নাম	ডাকের পূর্বে সিকিউরি টি জমার পরিমাণ	বাংসরিক সরকারী নীলাম ডাকের পরিমাণ	নীলাম ডাকের তারিখ	ব্লকের নাম	পুকুরের নাম	ডাকের পূর্বে সিকিউরি টি জমার পরিমাণ	বাংসরিক সরকারী নীলাম ডাকের পরিমাণ	নীলাম ডাকের তারিখ	ব্লকের নাম
তেঁতুলমুড়ি	৩০০	৩০০০	২৫.০৮.২০২১	চন্দ্রকোণা- ১	জামনা	১৫০০	১৫০০০	২৫.০৮.২০২১	পিংলা
নিশ্চিতিপুর	৮০০	৮০০০	২৫.০৮.২০২১	দাসপুর- ১	কালিকাপুর	৮০০	৩৮০০	২৫.০৮.২০২১	দাসপুর- ১
আহারমুঙ্গা	৩০০	২৬০০	২৫.০৮.২০২১	নারায়নগড়					


 উপসচিব
 পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ

২